



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৫.১১.২০১৭ খ্রি:

### বরিশাল বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ছাত্রী ইভেন্ট ২০১৭'র চ্যাম্পিয়ন পদার্থবিজ্ঞান বিভাগের চ্যাম্পিয়ন্স ডে উদ্ঘাপন

সদ্য সমাপ্ত বরিশাল বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ছাত্রী ইভেন্ট ২০১৭'র চ্যাম্পিয়ন পদার্থবিজ্ঞান বিভাগের আয়োজনে অদ্য ১৫ নভেম্বর ক্যাম্পাসে উদ্ঘাপিত হয়েছে চ্যাম্পিয়ন্স ডে। পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা আনন্দ উল্লাস এর মাধ্যমে এ চ্যাম্পিয়ন্স ডে উদ্ঘাপন করেন। এ উপলক্ষে পদার্থবিজ্ঞান বিভাগের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ায় এক মধ্যাহ্ন ভোজেরও আয়োজন করা হয়। চ্যাম্পিয়ন পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী এবং রানার্সআপ মার্কেটিং বিভাগের খেলোয়ারদের অংশগ্রহণে মধ্যাহ্ন ভোজে অংশ নেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক, প্রষ্ঠর (ভারপ্রাপ্ত) এবং উচ্চিদিবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. সুব্রত কুমার দাস, পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান রহিমা নাসরিন, সহকারী অধ্যাপক সমীরণ রায়, মো: আরিফ উল ইসলাম, মো: মতিউর রহমান, মো: ইমরান হোসেন, নুসরাত জাহান, মার্কেটিং বিভাগের চেয়ারম্যান ফাতেমা-তুজ-জোহরা, মো: মেহেদী হাসান, প্রভাষক মো: ইমরান হোসেন, মো: মহিউদ্দিন সাবিরসহ অন্যান্য। উপাচার্য মহোদয় এ ধরনের একটি আয়োজন করার জন্য পদার্থবিজ্ঞান বিভাগকে ধন্যবাদ জানান। অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয় পদার্থবিজ্ঞান বিভাগ স্টুডেন্টস ওয়েলফেয়ার এসোসিয়েশন এর লোগো উন্মোচন করেন উপাচার্য মহোদয়। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক সহ অন্যান্য অতিথিবৃন্দ। এসময় উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিগত দিনের সুনাম রক্ষার্থে আগামী ২৪ ও ২৫ নভেম্বর অনুষ্ঠিতব্য স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনে সর্বাত্মক সহযোগিতা কামনা করেন এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের অধ্যাত্মায় সামিল হওয়ার জন্য সকলের প্রতি উদাত্ত আহবান জানান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রঞ্জি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস